Lens Asia

১৭ আগস্ট, ২০২৬

# প্রশাসনে উপসচিব পদে ২৭৭ কর্মকর্তার পদোন্নতি




সংগৃহীত ছবি

প্রশাসনের সিনিয়র সহকারী সচিব পর্যায়ের ২৭৭ কর্মকর্তাকে উপসচিব পদে উন্নীত করা হয়েছে। সোমবার (১৭ আগস্ট) জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে এ বিষয়ে দুটি পৃথক প্রজ্ঞাপন প্রকাশ করা হয়।

এর মধ্যে ২৬২ কর্মকর্তাকে পদোন্নতির পর জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে রাখা হয়েছে। প্রজ্ঞাপনে তাদের নির্ধারিত নিয়ম মেনে যোগদান সম্পন্ন করার নির্দেশ দেওয়া হয়েছে।

কোনো কর্মকর্তার কর্মস্থল এরই মধ্যে পরিবর্তিত হয়ে থাকলে বর্তমান কর্মস্থলের তথ্য উল্লেখ করে যোগদানপত্র জমা দিতে হবে। একই সঙ্গে পদোন্নতিপ্রাপ্তদের বিষয়ে পরবর্তীতে কোনো নেতিবাচক তথ্য পাওয়া গেলে সংশ্লিষ্ট আদেশ পুনর্বিবেচনা, সংশোধন বা বাতিলের সুযোগ থাকবে বলে প্রজ্ঞাপনে উল্লেখ করা হয়েছে।

অন্যদিকে বিদেশে বাংলাদেশের বিভিন্ন মিশনে দায়িত্ব পালনরত ১৫ কর্মকর্তাকেও উপসচিব হিসেবে পদোন্নতি দেওয়া হয়েছে। তাদের প্রেষণে থাকা পদ অনুযায়ী বেতন স্কেল পুনর্নির্ধারণের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয়কে বলা হয়েছে।

নতুন পদে যোগদানের পর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে যোগদানপত্র পাঠাতে হবে বিদেশে কর্মরত এসব কর্মকর্তাকে। পদোন্নতির পর নতুন পদে যোগদানের দিন থেকেই তারা সংশ্লিষ্ট বেতন-ভাতা পাওয়ার যোগ্য হবেন।

তবে বিদেশে কর্মরত কর্মকর্তাদের বৈদেশিক ভাতা ও এন্টারটেইনমেন্ট অ্যালাউন্সের ক্ষেত্রে সংশ্লিষ্ট মিশনে মূল পদের জন্য নির্ধারিত হারই প্রযোজ্য হবে। বদলি কিংবা অন্য কোনো কারণে পদটি শূন্য হওয়ার আগ পর্যন্ত উন্নীত বেতন স্কেল কার্যকর থাকবে।